

ধন্যবাদ জ্ঞাপন

আবুল বারকাত
সাধারণ সম্পাদক
বাংলাদেশ অর্থনীতি সমিতি

সম্মানিত সভাপতি, অধ্যাপক মইনুল ইসলাম;
পরম শ্রদ্ধেয় সম্মেলন উদ্বোধক, মাননীয় বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান;
সম্মেলন অভিভাষক, আমাদের সকলের শ্রদ্ধাভাজন শিক্ষক অধ্যাপক রেহমান সোবহান;
সম্মেলন প্রস্তুতি কমিটির সম্মানিত আহবায়ক, অধ্যাপক সৈয়দ আব্দুল হাই;
উপস্থিত সম্মানিত সুধীবৃন্দ;
সুপ্রিয় ছাএ-ছাত্রী :

- ০১। আজকের এই সুন্দর সকালে আমাদের চতুর্দশ দ্বিবার্ষিক সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে মূল্যবান সময় দিয়ে উপস্থিত থাকার জন্য আপনাদের প্রতি আমরা কৃতজ্ঞ। এবারের সম্মেলনের প্রতিপাদ্য “রাষ্ট্র ও বাজার: বাংলাদেশের পরিপ্রেক্ষিতে” বিষয়ক সম্মেলন উদ্বোধক ও অভিভাষক-এর দার্শনিক বক্তব্যসমূহ গভীর মনোযোগের সাথে শোনার জন্য আপনাদের আন্তরিক ধন্যবাদ।
- ০২। এদেশে গণতন্ত্র প্রক্রিয়ার চর্চা ত্বরান্বিত ও সুসংহত করার ক্ষেত্রে অবদানের পাশাপাশি আজকের “বিষন্ন বিষয় ও বাংলাদেশ” শিরোনামে গভীর মর্মবস্ত্তসম্পন্ন অসাধারণ উদ্বোধনী ভাষণ প্রদান করে সম্মানিত উদ্বোধক মাননীয় বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান আমাদেরকে তার কাছে আবারও চিরকৃতজ্ঞ করলেন।

পরম শ্রদ্ধেয় মাননীয় বিচারপতি হাবিবুর রহমান—আপনাকে সমিতির পক্ষ থেকে অশেষ শ্রদ্ধা ও ধন্যবাদ। বিচারকের মেধা, দেশপ্রেম ও জ্ঞান-সমৃদ্ধ মানুষের বিচার-বিবেক দিয়ে আপনি অর্থনীতিবিদদের জন্য একটি নতুন পথ নির্দেশনা দিয়েছেন। আপনি আমাদের উদ্দেশ্যে বলেছেন “সমস্যার কেন্দ্রবিন্দুতে যে মানুষ ব্যক্তিটি আছেন তিনি কঠিন মহাশয়। তাকে পুরো বুঝা যায় না।.....। অর্থনীতিশাস্ত্র সেই মানুষকে বাদ দিয়ে নয়।.....। বাজার অর্থনীতিতে অসফলের স্থান নেই।.....। মানুষকে কোন অর্থনীতিবিদ বলতে পারেন না, ‘তুমি দেউলিয়া হয়ে যাও।’.....।..... এবং দারিদ্র্যের কদমে কমল প্রস্ফুটিত হলেও হতে পারে...” এ কয়েকটি গভীর যোগসূত্র সম্পন্ন বক্তব্য আমাদেরকে অর্থনীতি শাস্ত্রের সাথে ব্যক্তি মানুষের সম্পর্ক নিরূপনে নূতন করে ভাবিত করবে। মানব-কেন্দ্রিক নূতন-ভাবনা উদ্ভবে আপনার

“বিষন্ন বিষয় ও বাংলাদেশ” আমাদের কাছে প্রুপদী সাহিত্য হিসেবে বিবেচিত হবে। আপনাকে আবারও ধন্যবাদ।

- ০৩। আমাদের সকলের পরম শ্রদ্ধেয় শিক্ষক ও পথ নির্দেশক, অধ্যাপক রেহমান সোবহান “বাংলাদেশে রাষ্ট্র ও বাজারের রাজনৈতিক-অর্থনীতি” (The Political Economy of the State and Market in Bangladesh) শীর্ষক গভীর চিন্তা উদ্রেককারী সংকট ও উত্তরণ সংক্রান্ত সম্মেলন অভিভাষণ প্রদান করে আমাদের রাজনৈতিক-অর্থনীতি সাহিত্যে যে নবতর যুক্তি কাঠামো সংযোজন করলেন—সে জন্য বাংলাদেশ অর্থনীতি সমিতিসহ এদেশের মানব-উন্নয়নকামী সাধারণ মানুষ ও সুশীল সমাজ আপনার কাছে অপরিশোধনব্য খণী হয়ে থাকবে। ‘মানব উন্নয়ন দর্শনের’ — এই পথ নির্দেশনা দেবার জন্য, স্যার, আপনাকে ধন্যবাদ।
- ০৪। আমাদের সমিতির সভাপতি ও উদ্বোধনী এই অধিবেশনের সভাপতি, আমাদের সকলের অত্যন্ত প্রিয়, সাহসী-শ্রদ্ধাভাজন অধ্যাপক মইনুল ইসলামকে চতুর্দশ দ্বিবার্ষিক সম্মেলনের মূল প্রতিপাদ্য “রাষ্ট্র ও বাজার: বাংলাদেশের পরিপ্রেক্ষিতে” বিষয়ে গভীর বিশ্লেষণ-ভিত্তিক রাষ্ট্র ও বাজারের দায়িত্ব বন্টন সম্পর্কে সুচিন্তিত উপস্থাপনার জন্য ধন্যবাদ।
- ০৫। উদ্বোধনী অনুষ্ঠান পরবর্তী কর্ম অধিবেশন সমূহের সভাপতি: অধ্যাপক এ আর খান, অধ্যাপক মুশাররফ হোসেন, অধ্যাপক রেহমান সোবহান, অধ্যাপক সিকান্দার খাঁন, অধ্যাপক মুহম্মদ ইউনুস, অধ্যাপক মোজাফফর আহমেদ ও অধ্যাপক সনৎ কুমার সাহা - সবাইকে আন্তরিক ধন্যবাদ। সেই সাথে কৃতজ্ঞতা স্বীকার করছি সকল বিশিষ্ট অর্থনীতিবিদ স্মারক বক্তাদের। যাদের মধ্যে আছেন অধ্যাপক ওয়াহিদ উদ্দিন মাহমুদ, অধ্যাপক সান্তার মন্ডল, ডঃ আসাদুজ্জামান, ডঃ আতিউর রহমান, ডঃ হোসেন জিল্লুর রহমান, অধ্যাপক এইচ কে দে এবং ডঃ দেবপ্রীয়া ভট্টাচার্য। সেই সাথে অভিনন্দন সেই চল্লিশ জন প্রবন্ধ রচয়িতাদের যারা প্রবন্ধ উপস্থাপন করবেন।
- ০৬। সম্মেলনের বিভিন্ন কার্যক্রমে আর্থিক সহযোগিতা প্রদানের জন্য আমরা যাদের কাছে কৃতজ্ঞ তাদের মধ্যে আছে Bangladesh Bank, Sonali Bank, Agrani Bank, City Bank N.A, Dutch-Bangla Bank, Janata Bank, Mercantile Bank, One Bank Ltd.
- ০৭। আজকের উদ্বোধনী অনুষ্ঠানসহ তিনদিনব্যাপী দ্বিবার্ষিক সম্মেলন আয়োজনে সমিতির কার্যনির্বাহক কমিটিসহ বিভিন্ন কমিটি-উপকমিটির সকল সদস্য এবং সমিতির সীমিত সংখ্যক কর্মচারী-কর্মকর্তা যারা অক্লান্ত পরিশ্রম করেছেন — সবাইকে ধন্যবাদ। ঢাকা, জাহাঙ্গিরনগর, রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ছাত্র-ছাত্রীরা সম্মেলন সার্থক করার জন্য আজকের মহা-বাজার অর্থনীতিতে দিন-রাত যে স্বেচ্ছাশ্রম দিয়েছেন সেজন্য সবাইকে সমিতির পক্ষ থেকে ধন্যবাদ।
- ০৮। সুবিশাল এই সম্মেলন-এর সকল প্রস্তুতিতে সফল নেতৃত্ব দিয়ে সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক অধ্যাপক সৈয়দ আব্দুল হাই সমিতিকে তাঁর কাছে ঋণবদ্ধ করলো।
- ০৯। এই মিলনায়তনের শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে অনুপস্থিত অথচ সম্মেলন কর্মকাণ্ড সুন্দর ও সার্থক করা যাদের অবদান ছাড়া অসম্ভব সেই দরিদ্র রাত-জাগা মুদ্রণ-কর্মী, ভোর বেলার ভ্যান চালক,

হোটেলের বাবুর্চি, বাইরের খাদ্য পরিবেশক — সবাইকে আন্তরিক ধন্যবাদ (যদিও তারা এ ধন্যবাদের কথা জানবে না, জানলেও খুব লাভ হবে কি'না-জানিনা) ।

- ১০ । সবশেষে, ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স-এর কতৃপক্ষকে বিশেষ করে ইনস্টিটিউট সভাপতি, দেশের প্রখ্যাত ইঞ্জিনিয়ার জনাব কামরুল ইসলাম সিদ্দিকিকে আমাদের সম্মেলন সার্থক ও সুন্দরভাবে করার ব্যাপারে তার ব্যক্তিগত উদ্যোগ ও সহায়তার জন্য বাংলাদেশ অর্থনীতি সমিতির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ।

সম্মানিত সুধীমশ্রী,

আপনাদের সবাইকে আবারও ধন্যবাদ । আজসহ আগামী তিনদিন বিভিন্ন কর্ম অধিবেশনে আমন্ত্রণ রইলো ।

ধন্যবাদ ।

Part II

Memorial Lectures